

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৬৫

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ আল্লাহর সিফাত বা বিশেষণ সম্পর্কে যা কিছু বর্ণিত হয়েছে - আল্লাহর সিফাত তাঁর মর্যাদার সাথে যেমন সামঞ্জস্যশীল, তেমনই; তাঁর সিফাত মাখলুকাতের সিফাতের সাথে সাদৃশ্যপূর্ণ নয়

بَابُ مَا جَاءَ فِي الصِّفَاتِ - ذَكَرَ الْبَيَانَ بِأَنَّ صِفَاةَ اللَّهِ يَلِيْقُ بِجَلَالِهِ جَلَّ وَعَلَا وَلَا يَشْبَهُهُ صِفَاةَ الْمَخْلُوقِينَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الْذَهْلِيُّ حَدَّثَنَا الْمُقْرِيُّ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ عِمْرَانَ التُّجَيْبِيُّ عَنْ أَبِي يُونُسَ مَوْلَى أَبِي هُرَيْرَةَ وَأَسْمُهُ سُلَيْمٌ بْنُ جُبَيْرٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّهُ قَالَ فِي هَذِهِ الْآيَةِ {إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَنْ تُؤَدُّوا الْأَمَانَاتِ إِلَىٰ أَهْلِهَا} إِلَىٰ قَوْلِهِ: {إِنَّ اللَّهَ كَانَ سَمِيعًا بَصِيرًا} [النساء: 58] رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَضَعُ إِبْهَامَهُ عَلَىٰ أُذُنِهِ وَأُصْبَعُهُ الدَّعَاءَ عَلَىٰ عَيْنِهِ.

الراوي : أبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 265 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৬৫. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, আল্লাহর বাণী: “নিশ্চয়ই আল্লাহ তোমাদেরকে আদেশ দিচ্ছেন আমানতসমূহকে যথাযথ মালিকের কাছে পৌঁছে দিতে... নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।” (সূরা নিসা: ৫৮।)

অত্র আয়াত সম্পর্কে আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি তিনি বৃদ্ধাঙ্গুলিকে কানের উপর এবং শাহাদাহ আঙ্গুলিকে চোখের উপর রাখতে।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ: أَرَادَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِوَضْعِهِ أُصْبَعُهُ عَلَىٰ أُذُنِهِ وَعَيْنِهِ تَعْرِيفَ النَّاسِ أَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا لَا يَسْمَعُ بِالْأُذُنِ الَّتِي لَهَا سِمَاخٌ وَالتَّوَأءُ وَلَا يُبْصِرُ بِالْعَيْنِ الَّتِي لَهَا أَشْفَارٌ وَحَدَقٌ وَبَيَاضٌ جَلَّ رَبُّنَا وَتَعَالَىٰ عَنْ أَنْ يُشَبَّهُهُ بِخَلْقِهِ فِي شَيْءٍ مِنَ الْأَشْيَاءِ بَلْ يَسْمَعُ وَيُبْصِرُ بِلَا آلَةٍ كَيْفَ يَشَاءُ.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহ বলেন: “কান ও চোখের উপর আঙ্গুল রাখার দ্বারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উদ্দেশ্য হলো মানুষকে জানিয়ে দেওয়া যে, নিশ্চয়ই আল্লাহ এমন কান দিয়ে শুনেন না, যা পেঁচানো ও ছিদ্র বিশিষ্ট, এবং এমন চোখ দিয়ে দেখেন না, যাতে চোখের পাতা, মনি ও সাদা থাকে। মহান আল্লাহ তাঁর সৃষ্টিজীবের কোন কিছুর সাথে সাদৃশ্যপূর্ণ হওয়া থেকে সুমহান। বস্তুত তিনি কোন অঙ্গ ছাড়াই যেভাবে ইচ্ছা সেভাবে দেখেন ও শুনেন।”

ফুটনোট

[1] ইবনু খুযাইমা, আত তাওহীদ: ৪২-৪৩ পৃ; আবু দাউদ: ৪৭২৮, বাইহাকী, আল আসমা ওয়াস সিফাত: ১৭৯ পৃষ্ঠা।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ সহীহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (যিলালুল জাম্মাহ: ৬১৪।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88564>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন